

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-৪ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১০৬


তারিখ : ১২ শ্রাবণ ১৪৩১  
২৭ জুলাই ২০২৪

**প্রজ্ঞাপন**

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার ২৮ জুলাই ২০২৪, ২৯ জুলাই ২০২৪ ও ৩০ জুলাই ২০২৪ তারিখ যথাক্রমে রবিবার, সোমবার ও মঙ্গলবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিসের জন্য সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত অফিস সময় নির্ধারণ করিল।

- ২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই সময়সূচির আওতা বহির্ভূত থাকিবে।
- (খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই সময়সূচির আওতা বহির্ভূত থাকিবে।
- (গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই সময়সূচির আওতা বহির্ভূত থাকিবে।
- (ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই সময়সূচির আওতা বহির্ভূত থাকিবে।
- ৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।
- ৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ কামরুজ্জামান)  
উপসচিব  
ফোনঃ ০২-৯৫১৪৪৯২  
ইমেইল-reg4@mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১০৬/১(১০০)


তারিখ : ১২ শ্রাবণ ১৪৩১  
২৭ জুলাই ২০২৪

**বিতরণ সদয় আতর্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ (তীহার আওতাধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)

- ৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
- ১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ১৩। উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
- ১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

 ২৭/০৭/২০১৪  
(মোঃ কামরুজ্জামান)  
উপসচিব